

💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্ন (৯৮) নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সর্বশেষ নবী হওয়ার দলীল কী?

উত্তরঃ মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ নবী। এ ব্যাপারে অসংখ্য দলীল রয়েছে। আল্লাহ তা'আলা বলেনঃ

"মুহাম্মাদ তোমাদের কোন পুরুষের পিতা নন; বরং তিনি আল্লাহর রাসূল এবং শেষ নবী। আল্লাহ সব বিষয়ে জ্ঞাত"। (সূরা আহ্যাবঃ ৪০) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

"আমার উম্মতের মধ্যে আমার পরে ত্রিশজন মিথ্যুকের আগমণ ঘটবে। তারা সকলেই নবুওয়াতের দাবী করবে। অথচ আমি সর্বশেষ নবী। আমার পর কিয়ামতের পূর্বে আর কোন নবী আসবেনা"।[1] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদা আলী (রাঃ)কে উদ্দেশ্য করে বললেনঃ

"তুমি কি এ কথা শুনে খুশী হবে না যে, আমার নিকট তোমার মর্যাদা সেরূপ যেরূপ ছিল মুসার নিকট হারুন (আঃ)এর মর্যাদা। তবে আমার পর আর কোন নবী আসবে না"।[2] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেনঃ

''আমি সর্বশেষ নবী। আমার পর কিয়ামতের পূর্বে আর কোন নবী আসবে না''।[3] এ ধরণের আরো হাদীছ রয়েছে।

ফুটনোট

- [1] আবু দাউদ, তিরমিয়ী, অধ্যায়ঃ কিতাবুল ফিতান। ইমাম আলবানী সহীহ বলেছেনঃ মিশকাতুল মাসাবীহ, হাদীছ নং- ৫৪০৬।
- [2] বুখারী, অধ্যায়ঃ কিতাবুল মাগাযী, মুসলিম, অধ্যায়ঃ ফাযায়েলুস্ সাহাবা।
- [3] আবু দাউদ, তিরমিয়ী, অধ্যায়ঃ কিতাবুল ফিতান। ইমাম আলবানী সহীহ বলেছেনঃ মিশকাতুল মাসাবীহ,



হাদীছ নং- ৫৪০৬।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11912

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন